

## ত্রিশালে কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কাজ প্রায় সম্পন্ন

প্রতিনিধি, ত্রিশাল (ময়মনসিংহ)

কবি কাজী নজরুল ইসলামের নামে দেশের প্রথম সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয়টি ময়মনসিংহের ত্রিশালে প্রতিষ্ঠিত হচ্ছে। ১ মার্চ প্রধানমন্ত্রী বেগম বলেদা জিয়া এর ডিএপ্রস্তর স্থাপন করার পর দ্রুতগতিতে নির্মাণ কাজ এগিয়ে চলছে।

সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান জানায়, সঠিক সময়ে নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য দ্রুতগতিতে একাডেমিক ভবন, ডরমেটরি ও আবাসিক ভবন নির্মাণের কাজ চলছে। ২০০৬ শিক্ষাবর্ষে এ বিশ্ববিদ্যালয়ে একাডেমিক কার্যক্রম শুরু হবে বলেও সূত্রটি জানায়।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কিংগোর শ্রুতি বিজড়িত ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌর সদরে নামাপাড়ায় অবস্থিত এ বিশ্ববিদ্যালয়টিতে তিনটি অনুষ্ণদে ৯টি

বিষ্ণদে পাঠদান করা হবে। এগুলো হচ্ছে ফ্যাকাল্টি অফ লিব্রেরেল আর্টস, ফ্যাকাল্টি অফ পারফর্মিং আর্টস, ফ্যাকাল্টি অফ বিজনেস স্টাডিজ।

২০০৫-০৬ অর্থবছরে ৬ কোটি টাকা ব্যয়ে এদব অনুষ্ণদের ভবন নির্মাণ কাজ শুরু হয়। আগামী ২০০৬ নালে ১০৭তম নজরুল জন্মবার্ষিকীতে এ বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধন হতে পারে বলে ধারণা করা হচ্ছে।